রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৫, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপনসমূহ

ঢাকা, ২৭শে শ্রাবণ, ১৩৯৮/১২ই আগস্ট, ১৯৯১

নং এস, আর, ও ২৪৫-আইন/৯১/১০-মূসক--মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ রাইফেলস-এর ব্যবহারের জন্য বাংলাদেশ রাইফেলস কর্তৃক নিম্নবর্ণিত আমদানিকৃত পণ্যসমূহকে উহাদের উপর আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি দিলেন, যথা :—

(১) যন্ত্রচালিত যানবাহন ও উহাদের খুচরা যন্ত্রাংশ ;

(২) জলযান এবং উহাদের অংশবিশেষ ও খুচরা যন্ত্রাংশ ;

(৩) ঔষধপত্র ও ডাক্তারী যন্ত্রপাতি ;

(৪) ওয়্যারলেস সেট এবং উহাদের অংশবিশেষ ও খুচরা যন্ত্রপাতি ;

(৫) বস্ত্র সামগ্রী ও যন্ত্রপাতি ;

(৬) অস্ত্রশস্ত্র ও সাজসজ্জা।

২। এই প্রজ্ঞাপন ১লা জুলাই ১৯৯১ মোতাবেক ১৬ই আষাঢ়, ১৩৯৮ তারিখে কার্যকর করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।



মূল্য : টাকা ৩.০০

এস, আর, ও ২৪৬-আইন/৯১/২৬-মূসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সালের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্দ্বারা অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস. আর. ও ১৯৯ আইন/৯১/১৭-মূসক, তারিখ ১লা জুলাই, ১৯৯১ মোতাবেক ১৬ই আষাঢ়, ১৩৯৮ রহিত করিলেন।

২। এই প্রজ্ঞাপন ৫ই আগষ্ট, ১৯৯১ মোতাবেক ২০শে শ্রাবণ, ১৩৯৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

এস, আর, ও নং ২৪৭-আইন/৯১/২৮-মূসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সালের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা নিম্নে বিধৃত টেবিল-১এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act 1969 (IV of 1969) এর First Schedule এ বর্ণিত শিরনামা (Heading No.) সমূহ এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) সমূহের অধীন ও উক্ত টেবিলের কলাম (৩) তে বর্ণিত পণ্যসমূহকে এবং টেবিল-২ এর কলাম ১ তে বর্ণিত শিরনামা (Heading No.) সমূহের অধীন কলাম (২)তে উল্লেখিত সেবার কোডসমূহের বিপরীতে কলাম (৩)তে বর্ণিত সেবাসমূহকে উহাদের উপর আরোপযোগ্য সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিলেন ঃ

টেবিল-১

| শিরনামা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য সামগ্রীর বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০৯'০৪ | ০৯০৪'২০১ | শুকনা মরিচ |
| ১০'০৬ | শিরনামার অধীন সকল পণ্য | সকল প্রকার চাল |
| ১১'০১ | ১১০১'০০ | গম এর ময়দা বা আটা |
| ১১'০২ | শিরনামার অধীন সকল পণ্য | গম বা মেসলিন ব্যতীত অন্যান্য পণ্যের ময়দা বা আটা |
| ৭৬'১৫ | শিরনামার অধীন সকল পণ্য | এ্যালুমিনিয়াম ও এনামেলের তৈরী কিচেন বা অন্যান্য গৃহস্থালী তৈজসপত্র, সেনেটারী ওয়ার এবং যন্ত্রাংশ |
| ৮৪'৬৯ | ৮৪৬৯'১০১, ৮৪৬৯'২১১, ৮৪৬৯'২১৯, ৮৪৬৯'৩১১, ৮৪৬৯'৩৯১ | বাংলা টাইপ রাইটার মেশিন |
| ৯৬'০৮ | ৯৬০৮'১০ | বল পয়েন্ট পেন |

টেবিল-২

| শিরনামা | সেবার কোড | সেবাসমূহ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| S০০১<br>S০০২ | S০০১.১০<br>S০০১.২০<br>S০০২.০০ | হোটেল, রেস্তোরা এবং ডেকোরেটরস ও ক্যাটারার্স—<br>(ক) মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের বাইরে অবস্থিত সকল হোটেল, রেস্তোরা এবং ডেকোরেটরস ও ক্যাটারার্স ;<br>(খ) মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের টিনের ঘরে চালু সকল অস্থায়ী হোটেল বা রেস্তোরা। |
| S০০৮ | S০০৮.১০ | ছাপাখানা—<br>(ক) পুস্তক, সাময়িকী ও ছাত্র-ছাত্রীদের শিক্ষামূলক দ্রব্যাদি মুদ্রণের চার্জের উপর; |
| | S০০৮.২০ | বাঁধাই সংস্থা—<br>সকল প্রকার বাঁধাইয়ের চার্জের উপর; |
| S০২১ | S০২১.০০ | প্লান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা—সম্পূর্ণ চার্জের উপর; |
| S০২২ | S০২২.০০ | মিষ্টান্ন ভাণ্ডার—<br>(ক) মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের বাইরে অবস্থিত সকল মিষ্টান্ন ভাণ্ডার এবং<br>(খ) মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের টিনের ঘরে চালু সকল অস্থায়ী মিষ্টান্ন ভাণ্ডার; |
| S০২৪ | S০২৪.০০ | মূল্য সংযোজন কর আইনের S০০১—S০০২৩ ব্যতীত অন্যান্য সেবার ক্ষেত্রে যদি অর্থের বিনিময়ে সেবা প্রদান করা হয় তবে কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক অন্যের কাঁচামাল বা উপকরণ ব্যবহার করিয়া করযোগ্য পণ্য-প্রস্তুত, উৎপাদন বা প্রক্রিয়াজাত করা হইলে সেই সেবা কার্যক্রম উপরি-উক্ত অব্যাহতির আওতায় পড়িবে না। |

২। এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ১৯৯১ মোতাবেক ১৬ই আষাঢ়, ১৩৯৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

এস, আর, ও নং ২৪৮-আইন/৯১/২৯-মূসক--মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নে বিধৃত টেবিলে উল্লেখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর নিম্নবর্ণিত শিরনামা সংখ্যা (Heading No.) সমূহের বিপরীতে সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) সমূহের আওতাধীন পণ্য সামগ্রীকে উহার উপর আরোপযোগ্য সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিলেন ঃ

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| ০৯'০১ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | কফি, ভাজা অথবা ক্যাফেনমুক্ত হউক বা না হউক; কফির তুষ ও খোসা ; যে কোন অনুপাতে কফি মিশ্রিত কপি বিকল্প |
| ২১'০১ | " | কপি, চা অথবা মেট এর নির্যাস, এসেন্স এবং কনসেনট্রেট এবং এইসব পণ্য অথবা কফি, চা অথবা মেট এর ভিত্তিতে প্রস্তুতকৃত পণ্য ; ভাজা চিক্যারি এবং অন্যান্য ভাজা কফি বিকল্প এবং ইহাদের এসেন্স এবং কনসেনট্রেট |
| ৩৩'০৬ | " | মুখ গহবর অথবা দন্ত জীবাণু মুক্তকারী সামগ্রী, দন্ত জীবাণু মুক্তকারী আঠালো পেষ্ট ও পাউডারসহ |
| ৩৩'০৭ | ৩৩০৭'১০ | শেভ-পূর্ব, শেভিং অথবা শেভ পরবর্তীতে ব্যবহার্য প্রসাধন সামগ্রী |
| | ৩৩০৭'৯০ | ৩৩০৭'১০, ৩৩০৭'২০, ৩৩০৭'৩০, ৩৩০৭'৪১, ৩৩০৭'৪৯ সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ ব্যতীত শিরনামা সংখ্যা ৩৩'০৭ এর অধীন অন্যান্য সামগ্রী |
| ৬৯'০৪ | শিরনামার অধীনে সকল কোডসমূহ | ফেসিং এ ব্যবহারযোগ্য ইট, মেঝের ব্লক, সহায়ক অথবা ভরাট করার টাইলস এবং সমজাতীয় পণ্য |
| ৬৯'১১ | " | পোর্সেলিন বা চীনা মাটির তৈরী খাবার থালাবাসন প্রভৃতি, রান্নাঘরের সামগ্রী, অন্যান্য গৃহস্থালী সামগ্রী এবং প্রসাধন সামগ্রী |
| ৬৯'১২ | " | সিরামিক খাবার থালাবাসন প্রভৃতি, রান্নাঘরের সামগ্রী অন্যান্য গৃহস্থালী সামগ্রী এবং প্রসাধন সামগ্রী, পোর্সেলিন বা চীনামাটির তৈরী ব্যতীত |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| ৮৫·১৬ | ৮৫১৬·৪০ | বৈদ্যুতিক ইস্ত্রি |
| ৮৫·২৪ | ৮৫২৪·১০৯ | পবিত্র কোরআন হইতে তেলাওয়াত এবং বক্তৃতা রিপ্রডাক্‌শন ব্যতীত অন্যান্য গ্রামোফন রেকর্ড |
| ৮৭·১১ | শিরনামার অধীন নিম্নলিখিত পণ্য সমূহ | মোটর সাইকেল (মোপেডসহ) এবং সহায়ক মোটর যুক্ত সাইকেল, সাইডকার যুক্ত হউক বা না হউক; সাইডকার |
| | ৮৭১১·৩০১ | নির্মিত অবস্থায় মোটর সাইকেল রেসিপ্রকেটিং ইন্টারনাল ক্যাম্‌বাস্‌চন্‌ পিস্টন ইঞ্জিন যুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ২৫০ সিসি এর উর্ধ্বে কিন্তু ৫০০ সিসি এর উর্ধ্বে নহে |
| | ৮৭১১·৩০৯ | নির্মিত ও সি কে ডি মোটর সাইকেল ব্যতীত অন্যান্য, রেসিপ্রকেটিং ইন্টারনাল ক্যাম্‌বাস্‌চন্‌ পিস্টন ইঞ্জিনযুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ২৫০ সিসি এর উর্ধ্বে কিন্তু ৫০০ সিসি এর উর্ধ্বে নহে |
| | ৮৭১১·৪০১ | নির্মিত অবস্থায় মোটর সাইকেল, রেসিপ্রকেটিং ইন্টারনাল ক্যাম্‌বাস্‌চন্‌ পিস্টন ইঞ্জিন যুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ৫০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ৮০০ সিসি এর উর্ধ্বে নহে |
| | ৮৭১১·৪০৯ | নির্মিত বা সি কে ডি মোটর সাইকেল ব্যতীত অন্যান্য, রেসিপ্রকেটিং ইন্টারনাল ক্যাম্‌বাস্‌চন্‌ পিস্টন ইঞ্জিন যুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ৫০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ৮০০ সিসি এর উর্ধ্বে নহে |
| | ৮৭১১·৫০১ | নির্মিত অবস্থায় মোটর সাইকেল রেসিপ্রকেটিং ইন্টারনাল ক্যাম্‌বাস্‌চন্‌ পিস্টন ইঞ্জিনযুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ৮০০ সিসি এর উর্ধ্বে |
| | ৮৭১১·৫০৯ | নির্মিত ও সি কে ডি মোটর সাইকেল ব্যতীত অন্যান্য, রেসিপ্রকেটিং ইন্টারনাল ক্যাম্‌বাস্‌চন্‌ পিস্টন ইঞ্জিনযুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ৮০০ সিসি এর উর্ধ্বে |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| | ৮৭১১. ৯০ | মোটর সাইকেল ব্যতীত অন্যান্য, রেসিপ্রকেটিং ইন্টারনাল ক্যাম্বাসচন্ পিস্টন ইঞ্জিনযুক্ত যাহার সিলিণ্ডার ক্ষমতা ৮০০ সিসি এর উর্ধ্বে |
| ৯১. ০১ | শিরনামার অধীন নিম্নলিখিত পণ্য-সমূহ | হাতঘড়ি, পকেট ঘড়ি এবং অন্যান্য ঘড়িসমূহ, স্টপ ওয়াচসহ মূল্যবান ধাতুর অথবা মূল্যবান ধাতু আবৃত ধাতুর খাপসহ |
| | | হাত ঘড়ি, ব্যাটারী বা অ্যাকিউমিউলেটর শক্তিচালিত স্টপ ওয়াচ সুবিধাযুক্ত হউক বা না হউক |
| | ৯১০১. ১১৯ | অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত এবং সি, কে ডি ব্যতীত অন্যান্য, শুধুমাত্র যান্ত্রিকভাবে প্রদর্শিত |
| | ৯১০১. ১২৯ | সি কে ডি ব্যতীত অন্যান্য, শুধুমাত্র অপ্টো-ইলে-ক্ট্রোনিকভাবে প্রদর্শিত। |
| | ৯১০১. ১৯৯ | যান্ত্রিক বা অপ্টো-ইলেকট্রোনিকভাবে প্রদর্শিত ব্যতীত অন্যান্য (অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত এবং সি কে ডি ব্যতীত) |
| | ৯১০১. ২১৯ | অন্যান্য হাত ঘড়ি, স্টপ ওয়াচের সুবিধা যুক্ত হউক বা না হউক অটোমেটিক ওয়াইনডিং এর সুবিধাসহ (অন্ধদে: জন্য বিশেষভাবে নির্মিত এবং সি কে ডি ব্যতীত) |
| | ৯১০১. ২৯৯ | অন্যান্য হাত ঘড়ি, স্টপ ওয়াচ এর সুবিধা যুক্ত হউক বা না হউক, অটোমেটিক ওয়াইনডিং এর সুবিধাযুক্ত নহে (অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত এবং সি কে ডি ব্যতীত) |
| | ৯১০১. ৯১২ | স্টপ ওয়াচ, হাত ঘড়িতে সংযুক্ত নহে, ব্যাটারী অথবা অ্যাকিউমিউলেটর-এর শক্তিচালিত |
| | ৯১০১. ৯১৯ | হাত ঘড়ি ব্যতীত (অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত, স্টপ ওয়াচ, এবং সি কে ডি ব্যতীত), ব্যাটারী অথবা অ্যাকিউমিউলেটর-এর শক্তিচালিত |

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| | ৯১০১.৯৯ | হাত ঘড়ি ব্যতীত (অন্ধদের জন্য বিশেষভাবে নির্মিত, স্টপ ওয়াচ এবং সি কে ডি ব্যতীত) ব্যাটারী বা অ্যাকিউমিউলেটর-এর শক্তিচালিত নহে |

২। এই প্রজ্ঞাপন ১৬ই আষাঢ়, ১৩৯৮/১লা জুলাই, ১৯৯১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
নুরুল হোসেইন খান
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।